

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাৎ বার্ষিকী ও
জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষে 'আলোচনা সভা' অনুষ্ঠিত



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে ২৯ আগস্ট-২০১৯, বৃহস্পতিবার আলোচনা সভা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া এবং প্রক্টর ড. মোস্তফা কামাল।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ এর সঞ্চালনায় এছাড়াও বক্তব্য প্রদান করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতির সভাপতি মোহাম্মদ কামাল হোসেন সরকার। এসময় বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।